

প্রধানমন্ত্রীর শোক

বাসস : প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া গতকাল নগরীর শনিরআখড়ার কাছে একটি মহিলা মাদ্রাসায় অগ্নিকাণ্ডে ছাত্রীদের অকাল মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন। এক শোক বর্তায় বেগম জিয়া অগ্নিকাণ্ডে আহতদের প্রতি গভীর সমবেদনা জানান এবং দ্রুত তাদের নিরাময় কামনা করেন। প্রধানমন্ত্রী নিহতদের সমবেদনা জানান এবং তাদের রুহের মাগফেরাত কামনা করেন।

জাতীয় পার্টি (ম-না)

বাংলাদেশ জাতীয় পার্টির চেয়ারম্যান মোঃ নাজিউর রহমান ও মহাসচিব কাজী ফিরোজ রশীদ এক যৌথ বিবৃতিতে ঢাকার ডেমরা থানাধীন ছনটেক মহিলা মাদ্রাসায় অগ্নিকাণ্ডে নিহত ও আহতদের প্রতি গভীর শোক ও সমবেদনা জ্ঞাপন করেছেন।

বিবৃতিতে নেতৃদ্বয় অগ্নিকাণ্ডের কারণ অনুসন্ধানের জন্য সরকারের নিকট দাবী

৭-এর পৃঃ ৭-এর কঃ দেখুন

ডেমরার ক্ষতিগ্রস্ত মাদ্রাসায় সরকারের তাত্ক্ষণিক সাহায্য

তথ্য বিবরণী : দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণমন্ত্রী চৌধুরী কামাল ইবনে ইউসুফ গতকাল অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত ঢাকা জেলার ডেমরা থানার দনিয়া ইউনিয়নের ছনটেক জামিয়া ইসলামিয়া আশরাফুল উলুম মহিলা মাদরাসা ও এতিমখানা সরেজমিন পরিদর্শন করেন। তিনি মাদরাসায় অগ্নিকাণ্ডে আহত ছাত্রীদের সঙ্গে কথা বলেন এবং তাদের খোঁজ-খবর নেন।

ত্রাণমন্ত্রী ৬ লাখ টাকা মূল্যের খয়রাতি, ৫০ মেট্রিক টন চাল, ৪ লাখ টাকা মূল্যের ১০০ বাউল ডেউ টিন এবং নগদ ২ লাখ টাকা তাত্ক্ষণিকভাবে বরাদ্দ করেন।

এ সময়ে স্থানীয় সংসদ সদস্য সালাহউদ্দিন আহমদ, ইসলামী চিন্তাবিদ মাসিক মদিনা পত্রিকার সম্পাদক মাওলানা মুহিউদ্দীন খান ও ত্রাণ সচিব এ বি এম মোজহারুল হক উপস্থিত ছিলেন।

স্বরাষ্ট্রমন্ত্রীর অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত মহিলা মাদ্রাসা পরিদর্শন

তথ্য বিবরণী : স্বরাষ্ট্রমন্ত্রী এয়ার ভাইস মার্শাল (অবঃ) আলীভাফ হোসেন চৌধুরী ডেমরায় অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত মহিলা মাদ্রাসা গতকাল পরিদর্শন করেন। মন্ত্রী অগ্নিকাণ্ডে আহত মাদ্রাসা ছাত্রীদের অবস্থার খোঁজ-খবর নেন এবং তাদের চিকিৎসার আশু ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেন। সংসদ সদস্য সালাহউদ্দিন আহমেদ এ সময় মন্ত্রীর সাথে ছিলেন।

স্বরাষ্ট্রমন্ত্রী ডেমরায় মহিলা মাদ্রাসায় অগ্নিকাণ্ডে ছাত্রীদের নিহতের ঘটনায় গভীর দুঃখ ও শোক প্রকাশ করেন। তিনি নিহত ছাত্রীদের রুহের মাগফিরাৎ কামনা করেন ও তাদের শোক-সন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি সহানুভূতি জ্ঞাপন করেন।